DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 08:12 PM

জাতীয়

# ছয়দিন বিরতি শেষে আজ আবারও শুরু হচ্ছে সংসদ অধিবেশন

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৭ জুলাই ২০২৬, ১১:০৪ AM



টানা ছয়দিন বিরতির পর আজ মঙ্গলবার আবারও বসছে জাতীয় সংসদের মূলতবি অধিবেশন। বিকেল ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অধিবেশন শুরু হবে।

চলতি অধিবেশনে এরই মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট, অর্থ বিল এবং কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পাস হয়েছে। গত ৩০ জুন বাজেট পাসের পর অধিবেশন মূলতবি করা হয়।

১১ জুন বাজেট উপস্থাপনের পর সরকার ও বিরোধী দলের সদস্যরা বাজেট নিয়ে দীর্ঘ আলোচনা করেন। এ সময় অর্থনীতি, মূল্যস্ফীতি, কর্মসংস্থান, নির্বাচন এবং আইন-শৃঙ্খলাসহ বিভিন্ন জাতীয় ইস্যুতে বক্তব্য রাখেন তারা।

সংসদ সচিবালয় সূত্রে জানা গেছে, আজকের কার্যসূচিতে পাঁচটি মন্ত্রণালয়ের প্রশ্নোত্তর পর্ব রয়েছে। এগুলো হলো পানিসম্পদ মন্ত্রণালয়,

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়।

এ ছাড়া কার্যপ্রণালী বিধির ৭১ বিধিতে জরুরি জন-গুরুত্বপূর্ণ বিষয়ে আনা দুটি নোটিশের ওপর আলোচনা হবে। একটি নোটিশে চামড়া ও চামড়াজাত পণ্যের রপ্তানি, কাঁচা চামড়ার ন্যায্যমূল্য এবং রপ্তানি সক্ষমতা বৃদ্ধির বিষয়টি রয়েছে। অন্যটিতে ভূমিহীন ও দরিদ্র মানুষের মধ্যে খাসজমি বন্দোবস্ত দেওয়ার বিষয়টি আলোচনায় আসবে।

দিনের কার্যসূচিতে বাংলাদেশ মেট্রোকল বিশ্ববিদ্যালয় (দ্বিতীয় সংশোধন) বিল, ২০২৬-এর বিশেষ কমিটির প্রতিবেদন উপস্থাপন এবং আইন প্রণয়ন কার্যক্রমও রয়েছে।

সংসদ সচিবালয় জানিয়েছে, চলতি অধিবেশনেই বাকি স্থায়ী কমিটিগুলো গঠনের কাজ শেষ হতে পারে। কার্যউপদেষ্টা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৯ জুলাই পর্যন্ত অধিবেশন চলার কথা রয়েছে। তবে প্রয়োজন হলে এর মেয়াদ আরও বাড়ানো হতে পারে।

---

## এ বিভাগের আরও খবর



**গুলিস্তানে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী**

রাজধানীর গুলিস্তানের আলু বাজার এলাকায় একটি সেলুনে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে গিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হো...



**প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক করলেন অজিত দোভাল**

বিমসটেক জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের (এনএসএ) পঞ্চম বৈঠকের আগে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে...



### বাজেট অধিবেশন শেষ, পাস হলো ১০ বিল

ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় (বাজেট) অধিবেশন শেষ হয়েছে। অধিবেশন চলাকালে ১০টি সরকারি বিল পাস হয়েছে।বুধবার (১৫ জুলাই) ডেপুটি স্পিকার ব্যারিস্ট...



### বে টার্মিনাল চালু হলে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে: প্রধানমন্ত্রী

চট্টগ্রামের বে টার্মিনাল চালু হলে দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বড় জাহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/chhydin-birti-sheshe-aj-abaro-shuru-hchchhe-sngsd-odhibeshn